

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড
২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮
www.bnfe.gov.bd

২৩২/১ ০৪/০৮/১৭
শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ
সিওএনএনসি
সংস্করণ কপিটোর প্রোগ্রাম
০৪/০৮/১৭
আইসিএস/আইসিএস/আইসিএস

বিষয় : উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ডের প্রথম সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব বাসুদেব গাঙ্গুলী, মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো এবং চেয়ারম্যান, উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড।

স্থান : উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর সম্মেলন কক্ষ।

তারিখ : ১০ এপ্রিল ২০১৭ খ্রি :

সময় : সকাল ১০.৩০মি.

উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জানান যে, বাংলাদেশে উপানুষ্ঠানিক শিক্ষা ক্ষেত্রে সরকারি ও বেসরকারি উদ্যোগে বিভিন্ন কর্মসূচি গ্রহণ বিষয়ে সুনির্দিষ্ট নির্দেশনার আলোকে উপানুষ্ঠানিক শিক্ষা আইন-২০১৪ মহান জাতীয় সংসদে পাশ হয়েছে। যা নভেম্বর ২৭, ২০১৪ খ্রি: তারিখে গেজেট আকারে প্রকাশিত হয়েছে। উপানুষ্ঠানিক শিক্ষা আইনের একটি গুরুত্বপূর্ণ অংশ হলো উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড প্রতিষ্ঠা। উপানুষ্ঠানিক শিক্ষা আইনের ধারা ১৫ (১) উপ-ধারা মোতাবেক প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ২৩ আগস্ট ২০১৬ খ্রি: তারিখের প্রজ্ঞাপনের মাধ্যমে বোর্ড প্রতিষ্ঠা করা হয়েছে যা ২৭ আগস্ট ২০১৬ খ্রি: তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে। অনুরূপভাবে উপানুষ্ঠানিক শিক্ষা আইনের ধারা ১৬ (১) উপ-ধারা মোতাবেক প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ০৭ মার্চ ২০১৭ খ্রি: তারিখের প্রজ্ঞাপনের মাধ্যমে ১৩ সদস্য বিশিষ্ট 'উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড' (Non Formal Education Board) গঠন করা হয় এবং ২৩ মার্চ ২০১৭ খ্রি: তারিখের বাংলাদেশ গেজেটে প্রকামিত হয়। অতঃপর তিনি উপানুষ্ঠানিক শিক্ষা আইন-২০১৪ এর আলোকে নিম্নোক্ত বিষয়সমূহ তুলে ধরেন:

উপানুষ্ঠানিক শিক্ষার শ্রেণিবিভাগ-

- উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা : ৮-১৪ বছর বয়সী শিশু, যারা কখনও বিদ্যালয়ে যায়নি বা প্রাথমিক বিদ্যালয় শেষ করার পূর্বেই বারে পড়েছে, তারা অন্তর্ভুক্ত হতে পারবে।
- উপানুষ্ঠানিক বয়স্ক ও জীবনব্যাপী শিক্ষা : ১৫ ও তদূর্ধ্ব বয়সী নারী-পুরুষ যারা কখনও বিদ্যালয়ে যাননি বা প্রাথমিক বিদ্যালয় হতে বারে পড়েছেন বা নব্য সাক্ষর বা চাহিদাভিত্তিক জীবন দক্ষতা ও জীবিকায়ন-দক্ষতা অর্জন অব্যাহত রাখতে পারবেন, তাঁরা অন্তর্ভুক্ত হতে পারবেন।

উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ডের কার্যাবলী:

- আনুষ্ঠানিক শিক্ষার বিভিন্ন স্তরের সাথে সমতুল্যমানের উপানুষ্ঠানিক শিক্ষা এবং জাতীয় দক্ষতা উন্নয়ন কাঠামোর প্রি-ভোকেশনাল-১ ও ২ স্তরের কাঠামো অনুমোদন প্রদান;
- আনুষ্ঠানিক শিক্ষার বিভিন্ন পর্যায়ের শিক্ষকদের অনুরূপ উপানুষ্ঠানিক শিক্ষার শিক্ষকদের শিক্ষাগত যোগ্যতা ও দক্ষতার নির্দিষ্টমান নির্ধারণ এবং উক্তরূপ নির্ধারিত মানের শিক্ষকদের অনুমোদন প্রদান;
- জাতীয় দক্ষতা উন্নয়ন কাঠামোর প্রি-ভোকেশনাল-১ ও ২ স্তরের প্রশিক্ষকদের শিক্ষাগত যোগ্যতা ও দক্ষতার নির্দিষ্টমান নির্ধারণ এবং উক্তরূপ নির্ধারিত মানের প্রশিক্ষকদের অনুমোদন প্রদান;



